# জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ

নির্বাহী প্রকৌশলীর কার্যালয়

মিরপুর গৃহসংস্থান বিভাগ-২,মিরপুর,ঢাকা

www.nha.gov.bd


স্মারক নং- ২৫.৩৮.২৬৪৮.৭০১.৫৫.০০৭.২৬.১০৫৫, তারিখ: ২৫/০৬/২০২৬ খ্রি:।

## কারপার্কিং বরাদ্দের বিজ্ঞপ্তি

এতদ্বারা জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের আওতাধীন **"ঢাকার মিরপুর ১৬ নং সেকশনে স্বল্প ও মধ্যম আয়ের লোকদের নিকট বিক্রয়ের জন্য (গৃহসুচনা) আবাসিক ফ্ল্যাট নির্মাণ"** শীর্ষক প্রকল্পের আওতায় ভবন নং-০১ হতে ভবন নং-৬ এবং **"ঢাকাস্থ মিরপুরে সরকারি/আধাসরকারি কর্মকর্তাদের জন্য 'জয়নগর' আবাসিক ফ্ল্যাট নির্মাণ"** প্রকল্পের আওতায় ভবন নং-১ হতে ভবন নং-৫ এর ফ্ল্যাট বরাদ্দ গ্রহীতাগণ থেকে অবরাদ্দকৃত (খালি) কারপার্কিং বরাদ্দের জন্য আবেদন আহ্বান করা যাচ্ছে। জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের ওয়েব সাইট www.nha.gov.bd থেকে আবেদনপত্র ডাউনলোড করে যথাযথভাবে পূরণ পূর্বক প্রযোজ্য সংযুক্তিসহ আগামী ২৮/০৬/২০২৬ খ্রি: হতে ১৯/০৭/২০২৬ খ্রি: পর্যন্ত অফিস চলাকালীন সময়ে আবেদনকারীগণ নির্বাহী প্রকৌশলী, মিরপুর গৃহসংস্থান বিভাগ-২, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, মিরপুর, ঢাকা এর দপ্তরে আবেদনপত্র জমা প্রদান করবেন।

### আবেদনের শর্তসমূহ:

(১) যে সকল ফ্ল্যাট বরাদ্দপ্রাপক ইতোপূর্বে সংশ্লিষ্ট প্রকল্পে কারপার্কিং বরাদ্দ পাননি শুধুমাত্র তারাই আবেদন করতে পারবেন।

(২) আবেদনকারী যে ভবনে ফ্ল্যাট বরাদ্দ পেয়েছেন শুধুমাত্র সেই ভবনের কারপার্কিং বরাদ্দের জন্য আবেদন করতে পারবেন। প্রাপ্ত আবেদন ভবন ভিত্তিক ফাঁকা কারপার্কিং এর জন্য বিবেচনা করা হবে।

(৩) যেসকল ফ্ল্যাট বরাদ্দপ্রাপক কারপার্কিং বরাদ্দের জন্য ইতোপূর্বে আবেদন করেছেন কিন্তু বরাদ্দ পাননি তাদেরকে এই বিজ্ঞপ্তির আওতায় নির্ধারিত ফরমে পুণরায় আবেদন করতে হবে।

(৪) ফ্ল্যাট এর সম্পূর্ণ ডাউনপেমেন্ট পরিশোধকারী/ডাউনপেমেন্ট এর হালনাগাদ কিস্তি পরিশোধকারীরাই কেবল আবেদন করতে পারবেন।

(৫) সম্পূর্ণ ডাউনপেমেন্ট পরিশোধ এবং বাস্তব দখল গ্রহনের পর যেসকল ফ্ল্যাট এর মাসিক/বার্ষিক কিস্তি চলমান, তাদের কিস্তি ৩ মাসের অধিক খেলাপী হলে তারা Defaulter হিসেবে গণ্য হবেন এবং কারপার্কিং বরাদ্দের জন্য আবেদন করতে পারবেন না।

(৬) ডাউনপেমেন্ট/মাসিক/বার্ষিক কিস্তি এর হালনাগাদ কিস্তি পরিশোধের কপি/বাস্তব দখলের কপি (যারা বাস্তব দখল গ্রহন করেছেন) আবেদনের সাথে দাখিল করতে হবে।

(২৫-০৬-২০২৬)
নির্বাহী প্রকৌশলী
মিরপুর গৃহসংস্থান বিভাগ-২
জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, মিরপুর, ঢাকা।

Paper Advedisment